গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০৩৪.২১- ৭৪৭৬

তারিখ: ২২/০৪/১৪২৮ বঙ্গাব্দ
০৬/০৮/২০২১ খ্রিষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জা, বে, স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সহকারী মেকানিক<br>৯৭০০-২৩৪৯০/-, গ্রেড-১৫ | ০৪ (চার) টি | ১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। | সকল জেলা |
| ২. | ওয়্যারলেস মেকানিক<br>৯৭০০-২৩৪৯০/-, গ্রেড-১৫ | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে ২য় বিভাগসহ (বিজ্ঞান বিভাগ) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ৩. | কার্পেন্টার<br>৯৩০০-২২৪৯০/-, গ্রেড-১৬ | ০১ (এক) টি | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | ওয়ার্কশপ হেলপার<br>৮৫০০-২০৫৭০/-, গ্রেড-১৯ | ০৩ (তিন) টি | সরকার অনুমোদিত কোন ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে সার্টিফিকেটধারী হতে হবে। | |
| ৫. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-, (গ্রেড-২০) | ০৩ (তিন) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৬. | সহকারী হোজ রিপেয়ারার<br>৮২৫০-২০০১০/-, গ্রেড-২০ | ০১ (এক) টি | অষ্টম শ্রেণি পাশ। সংশ্লিষ্ট কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| | সর্বমোট = | ১৩ (তের) টি | | |

## দরখাস্তের শর্তাবলিঃ

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জাতীয় পরিচয়পত্র ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

২. নির্ধারিত ফরমের সকল কলাম সঠিকভাবে পূরণ করতঃ নিজ হাতে স্বাক্ষরসহ আবেদনপত্র দাখিল করতে হবে এবং প্রবেশপত্রে প্রার্থীর নাম, মাতার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিকভাবে পূরণ করে আবেদনের সাথে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fireservice.gov.bd) পাওয়া যাবে।

৩. আবেদনকারীর **বয়স ০১ এপ্রিল, ২০২১ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।** কিন্তু মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না (বয়সের প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)।

৪. পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি (৫ সেমিঃ X ৫ সেমিঃ সাইজের) এবং প্রবেশপত্রের সাথে ০১ (এক) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) নির্দিষ্ট স্থানে (আঠা দ্বারা) সংযুক্ত করতে হবে।

৫. পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ০১, ০২ ও ০৩ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং-০৪, ০৫ ও ০৬ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ৫০/-(পঞ্চাশ)টাকা (অফেরতযোগ্য) **মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১-৭৩৬১-০০০০-২০৩১ কোড নম্বরে** ট্রেজারি চালানের মাধ্যমে **{বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকে (ট্রেজারি শাখায়)} জমা করে ট্রেজারি চালানের মূল কপি** (পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং আবেদনপত্র প্রেরিত খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ থাকতে হবে।

৬. **পূরণকৃত আবেদন ফরম ও প্রবেশপত্রের কপি (ছবিসহ), পরীক্ষার ফি বাবদ জমাকৃত ট্রেজারি চালানের মূলকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি** এবং প্রবেশপত্র প্রেরণসহ যেকোন পত্র যোগাযোগের নিমিত্ত আবেদনকারীর নিজস্ব ঠিকানাযুক্ত ৯ X ৪ সাইজের ফেরত খামসহ (ফেরত খামে ১০/- মূল্যের সার্ভিস স্ট্যাম্পসহ খামের ডান পাশে **প্রাপকের নাম**- ঠিকানা লেখা থাকতে হবে) **আবেদনপত্র আগামী ৩১/০৮/২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে মহাপরিচালক,** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা বরাবর পৌঁছাতে হবে (হাতে হাতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না)। উক্ত তারিখ ও সময়ের পরে পৌঁছানো আবেদন গ্রহণযোগ্য হবে না।। কাগজপত্র যাচাই বাছাইয়ে সঠিক প্রার্থীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র প্রদান করা হবে।

৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণপত্রের মূলকপি (**সকল শিক্ষাগত যোগ্যতার সনদ**, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাময়িক সনদ, গেজেট, মুক্তিবার্তা, মুক্তিযোদ্ধা সংসদের সনদ, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র) প্রদর্শন করতে হবে এবং ৫ সেমিঃ X ৫ সেমিঃ সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রসহ সকল সনদ বা প্রমাণ পত্রের ০১(এক) সেট ফটোকপি (**১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে**) জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।

৮. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে এবং তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

১০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে (স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য তথ্য, কোটা প্রমাণের তথ্যাদি) চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে চলমান সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) অনুসরণ করা হবে।

১২. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি